

তাৰিখ ১.৩ FEB 1987
পঠা... ৮ ক্লাৰ... 3...



শিক্ষাওয়ে

সৈয়দপুর ডিগ্রী কলেজের সমস্যা

উত্তরাঞ্চলের জনবহুল ও শ্রমিক প্রধান শহর সৈয়দপুরে ১৯৫৩ সালে স্থানীয় শিক্ষানুবাদী ব্যক্তিদের সক্রিয় সহযোগিতায় একটি পুরনো ভবনে সৈয়দপুর কলেজটি স্থাপন করা হয়।

দানকৃত নিজস্ব জমিতে এটির দ্বিতীয়

ভবন নির্মাণ করা হয়। এ কলেজের কক্ষ সংখ্যা মোট ২৮টি এবং ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় ১৫০। অন্যান্য প্রশাসনিক কাজে নিয়োজিত মোট ২১ জন কর্মচারী ছড়াও শিক্ষক-শিক্ষ্যত্ব বরয়েছেন। মোট ২৯ জন।

ছাত্র-ছাত্রীদের বেতন ছড়াও বর্তমানে কলেজটির কোন আয়ের উৎস নেই।

কলেজটিতে কলা, বিজ্ঞান ও

বাণিজ্যসহ সকল বিভাগের ডিগ্রী পর্যায়ের ক্লাস আছে। এখানে সবচেয়ে বড় সমস্যা শ্রেণীকক্ষ ও ছাত্রাবাসের। কলেজের ছাত্রাবাসটি দিনাজপুর সড়কের পাশে একটি পুরনো পরিত্যক্ত বাড়ীতে অবস্থিত। দীর্ঘদিন যাবত কোন সংস্কার না করায় যে কোন মুহূর্তে এটির ধসে পড়ার আশংকা রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক আসন না থাকায় গ্রাম ও দুরাঞ্চলের

ছাত্র-ছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ল্যারেটোরীতে পর্যাপ্ত যন্ত্রপাতির অভাব দীর্ঘদিনের। রাজশাহী বোর্ডের আওতাধীন। এই কলেজটি অতীতে দুবার সরকারীকরণের প্রস্তাৱ থাকা সঙ্গেও তা বাস্তবায়িত হয়নি। অথচ এ কলেজটিকে সরকারীকরণের দায়ী গ্রামানুষের দীর্ঘদিনের।

আবদুল হালিম তাপ